

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
স্বাস্থ্য সেবা বিভাগ  
ক্রয় ও সংগ্রহ অধিশাখা।  
[www.mohfw.gov.bd](http://www.mohfw.gov.bd)

নং-৪৫.১৬৫.০০৭.০৩.০০.০০২.২০১৮-২৯৩

তারিখ: ০৭-১১-২০১৮ খ্রি:

বিষয়: চলতি ২০১৮-২০১৯ অর্থবছরে জিওবি (উন্নয়ন) খাতের অর্থায়নে কমিউনিটি বেইজড হেলথ কেয়ার (সিবিএইচসি) এর মাধ্যমে মাঠ পর্যায়ে কমিউনিটি ক্লিনিকসমূহে স্বাস্থ্য সেবা প্রদানের লক্ষ্যে ২৭ (সাতাশ) প্রকার ঔষধ সম্বলিত ৫৭,৭৪৭ (সাতান্ন হাজার সাতশত সাতচল্লিশ) কার্টন ঔষধ সংগ্রহের জন্য ক্রয়ে প্রশাসনিক অনুমোদন

সূত্র: সিবিএইচসি/প্রকিঃ/ঔষধ (কঃক্লিঃ)-৯৭/২০১৮-১৯/১৩৫৫, তাং-২৫-১০-২০১৮ খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রে পত্রের প্রেক্ষিতে লাইন ডাইরেক্টর, কমিউনিটি বেইজড হেলথ কেয়ার (সিবিএইচসি) এর প্রস্তাব এবং দরপত্র মূল্যায়ন কমিটি (টিইসি) এর সুপারিশ মোতাবেক উক্ত ওপির ২০১৮-২০১৯ অর্থবছরে জিওবি (উন্নয়ন) খাতের প্রকিউরমেন্ট প্ল্যান (গুডস) এর প্যাকেজ নং-জি-জিডি-১ এর আওতায় কমিউনিটি ক্লিনিকে ব্যবহারের জন্য সরাসরি ক্রয় পদ্ধতির মাধ্যমে এসেনসিয়াল ড্রাগস কোম্পানী লিমিটেড (ইডিসিএল) হতে ২৭ (সাতাশ) প্রকার ঔষধ সম্বলিত প্রতি কার্টন ঔষধ ১৭,৩১৬.৩৩৩ (সতের হাজার তিনশত ষোল দশমিক তিন তিন তিন) টাকা হিসেবে মোট ৫৭,৭৪৭ (সাতান্ন হাজার সাতশত সাতচল্লিশ) কার্টন ঔষধ সর্বমোট (৫৭,৭৪৭×১৭,৩১৬.৩৩৩) = ৯৯,৯৯,৬৬,২৮১.৭৫ (নিরানব্বই কোটি নিরানব্বই লক্ষ ছেষট্টি হাজার দুইশত একাশি দশমিক সাত পাঁচ) টাকায় ক্রয়ের লক্ষ্যে নিম্নবর্ণিত শর্তে ক্রয় প্রক্রিয়া অনুমোদনে নির্দেশক্রমে স্বাস্থ্য সেবা বিভাগের সম্মতি জ্ঞাপন করা হলো:

শর্তাবলী:

- (ক) এ অর্থ ব্যয়ে পিপিএ-২০০৬, পিপিআর-২০০৮ এবং আর্থিক ক্ষমতা অর্পন ২০১৫ এর বিধান যথাযথভাবে পালন করতে হবে;
- (খ) বাজেট/সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে প্রয়োজনীয় অর্থের সংস্থান থাকতে হবে;
- (গ) অর্থ বিভাজন আদেশের সকল শর্ত এবং অনুমোদিত প্রকিউরমেন্ট প্ল্যানের শর্তসমূহ প্রতিপালন করতে হবে;
- (ঘ) নির্ধারিত হারে মূল্য সংযোজন কর (ভ্যাট) ও ট্যাক্স (প্রযোজ্য ক্ষেত্রে) কর্তন করতে হবে;
- (ঙ) বিল/ভাউচার দাখিলপূর্বক আর্থিক ব্যয় মঞ্জুরী গ্রহণ করতে হবে;
- (চ) ক্রয় প্রক্রিয়ায় কোন অনিয়ম সংগঠিত হলে ক্রয়কারী দায়ী থাকবেন।

(হাসান মাহমুদ)  
উপসচিব  
ফোনঃ ৯৫৪০৬৪৫

লাইন ডাইরেক্টর  
কমিউনিটি বেইজড হেলথ কেয়ার (সিবিএইচসি)  
স্বাস্থ্য অধিদপ্তর  
বিএমআরসি ভবন (২য় তলা)  
মহাখালী, ঢাকা।

অনুলিপি:

- ১। মহাপরিচালক, স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা
- ২। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৩। মাননীয় প্রতিমন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৪। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
- ৫। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
স্বাস্থ্য সেবা বিভাগ  
ক্রয় ও সংগ্রহ অধিশাখা  
[www.mohfw.gov.bd](http://www.mohfw.gov.bd)

নং- ৪৫.১৬৫.০০৭.০২.০০.০০১.২০১৮-২৯৪


তারিখ: ০৮-১১-২০১৮ খ্রি:

বিষয়ঃ ২০১৮-২০১৯ অর্থবছরে ট্রমা সেন্টার স্থাপন শীর্ষক প্রকল্প, গোপালগঞ্জ এর আসবাবপত্র ও যন্ত্রপাতি ক্রয়ের অনুমোদন

সূত্র: নং-ট্রমা/গোপ/২০১৮/৪২০, তাং-৩০-১০-২০১৮ খ্রি:

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পত্রে প্রকল্প পরিচালক, ট্রমা সেন্টার স্থাপন শীর্ষক প্রকল্প, গোপালগঞ্জ কর্তৃক ২০১৮-২০১৯ অর্থ বছরে যন্ত্রপাতি ক্রয় বাবদ ৫৭,৯২,০০০.০০ টাকা ও আসবাবপত্র ক্রয় বাবদ ৮,৬৮,০০০.০০ টাকা সর্বমোট (৫৭,৯২,০০০+৮,৬৮,০০০) = ৬৬,৬০,০০০.০০ (ছেষটি লক্ষ ষাট হাজার) টাকার ক্রয় প্রস্তাব/টেন্ডার মূল্যায়ন অনুমোদনের জন্য প্রেরণ করা হয়। আর্থিক ক্ষমতা অর্পণ, ২০১৫ অনুযায়ী উক্ত অর্থ ব্যয়ে প্রকল্প পরিচালকের নিকট ক্ষমতা অর্পণ করা হয়েছে।

এমতাবস্থায়, আর্থিক ক্ষমতা অর্পণ, ২০১৫ মোতাবেক প্রস্তাবিত ৬৬,৬০,০০০.০০ (ছেষটি লক্ষ ষাট হাজার) টাকা পিপিএ-২০০৬ এবং পিপিআর-২০০৮ অনুসরণে ক্রয় প্রক্রিয়া সম্পন্ন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। এতদসঙ্গে প্রস্তাবটি ফেরৎ প্রদান করা হলো।

  
(হাসান মাহমুদ)  
উপসচিব  
ফোনঃ ৯৫৪০৬৪৫

প্রকল্প পরিচালক  
ট্রমা সেন্টার স্থাপন শীর্ষক প্রকল্প  
গোপালগঞ্জ

অনুলিপিঃ

- ১। অতিরিক্ত সচিব (উন্নয়ন) এর ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়  
✓ ২। সিস্টেম এনালিস্ট, কম্পিউটার সেল, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।